# স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির ভর্তি-নির্দেশিকা

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক প্রোগ্রামসমূহ

বিএসসি ইন অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং
বিএসসি ইন অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং
বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস)
বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিক্স)

## ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ২ (দুই) বছর মেয়াদী স্নাতকোত্তর প্রোগ্রামসমূহ

**এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন**
**এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট**
**এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং**
**এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং**
**এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল'**

Admission Guidelines for Undergraduate and Postgraduate Programes

## Session: 2024-2025
## 4 Years Duration Postgraduate Programes

BSc in Aerospace Engineering
BSc in Avionics Engineering
BSc in Aircraft Maintenance Engineering (Aerospace)
BSc in Aircraft Maintenance Engineering (Avionics)

## Session: 2023-2024 and 2024-2025
## 2 Years Duration Postgraduate Programes

MSc in Aviation Safety and Accident Investigation
MBA in Aviation Management
MSc in Satellite Communication Engineering
MSc in Space Systems Engineering
LLM in International Air and Space Law

Bangabandhu Sheikh Mujibur Rahman
Aviation and Aerospace University (BSMRAAU)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএএইউ)

# স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির ভর্তি-নির্দেশিকা

## শিক্ষাবর্ষঃ ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫

**৪ (চার) বছর মেয়াদী স্নাতক প্রোগ্রামসমূহঃ**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদী বিএসসি ইন অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং (BSc in Aerospace Engineering) , বিএসসি ইন অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং (BSc in Avionics Engineering) প্রোগ্রামের প্রতিটিতে ৩০টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে এবং বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস) {(BSc in Aircraft Maintenance Engineering (Aerospace)} এবং বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিক্স) {(BSc in Aircraft Maintenance Engineering (Avionics)} প্রোগ্রামে প্রতিটিতে ২৮টি করে আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইনে ফরম পূরণ পূর্বক আবেদন করতে পারবেন। **স্নাতক প্রোগ্রামসমূহের শিক্ষাকার্যক্রম লালমনিরহাটের স্থায়ী ক্যাম্পাস হতে পরিচালনা করা হবে এবং মেধাক্রম অনুযায়ী সীমিত সংখ্যক আবাসিক হল-এর আসন বরাদ্দ করা হবে।** বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী প্রার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষা বিএএফ শাহীন কলেজ ঢাকা, তেজগাঁও ও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস/ফাকল পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজ, লালমনিরহাট কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে।

**২ (দুই) বছর মেয়াদী স্নাতকোত্তর প্রোগ্রামসমূহঃ**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ২ বছর মেয়াদী এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন (MSc in Aviation Safety and Accident Investigation), এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট (MBA in Aviation Management) প্রোগ্রামের প্রতিটিতে ৩০টি আসন, এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)}, এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} প্রোগ্রামের প্রতিটিতে ১৫টি আসন এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল' (LLM in International Air and Space Law) প্রোগ্রামে ২০ টি করে আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী আগ্রহী প্রার্থীগন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইনে ফরম পূরনপূর্বক আবেদন করতে পারবেন। **স্নাতকোত্তর প্রোগ্রাম সমূহের শিক্ষা কার্যক্রম অত্র বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত) হতে পরিচালনা করা হবে।** বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী প্রার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষা বিএএফ শাহীন কলেজ ঢাকা, তেজগাঁও-এ অনুষ্ঠিত হবে।

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রোগ্রামে ভর্তির যোগ্যতা/মানদন্ড (Admission Criteria) পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা**

১। স্নাতক প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

যে সকল ছাত্র/ছাত্রী,

ক। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড অথবা মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে (গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ) ২০২১ বা ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়েছেন এবং ২০২৩ বা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ সহ উত্তীর্ণ হতে হবে অথবা বিদেশি শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

অথবা

খ। ২০২০ সালের মে বা তার পরে GCE "O" লেভেল এবং ২০২৪ সালের নভেম্বর বা তারপূর্বে GCE "A" লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত হয়েছেন। প্রার্থী বিজ্ঞান বিভাগ হতে GCE "O" এবং GCE "A" লেভেল /সমমান পরীক্ষায় যথাক্রমে সর্বনিম্ন ৫টি এবং ২টি বিষয়ে অন্তত সর্বমোট ২৭.০০ পয়েন্ট প্রাপ্ত হয়েছেন (GCE "A" লেভেল পরীক্ষার বিষয়গুলির মধ্যে অবশ্যই গণিত, পর্দাথবিদ্যা ও রসায়ন থাকতে হবে)।

অথবা

গ। International Baccalaureate (IB) এর কমপক্ষে ০৬ টি বিষয়ে পাঠ্যক্রমের রেটিং (৭, ৬, ৫, ৪) অনুযায়ী মোট ৩০ পয়েন্ট প্রাপ্ত হয়েছেন (যে সকল বিষয়ে রেটিং ১, ২ বা ৩ প্রাপ্ত হয়েছেন সেগুলি পয়েন্ট গণনার জন্য বিবেচিত হবে না।) তারা আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

আবেদনকারী ছাত্র/ছাত্রীদের মধ্য হতে যোগ্যতার ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। ভর্তিচ্ছুক ছাত্র/ছাত্রীদের মধ্যে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিষয় তিনটিতে প্রাপ্ত মোট নম্বর এর ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থী হিসাবে বিবেচিত হবে। এই তিনটি বিষয়ে প্রাপ্ত নম্বর সমান হলে প্রথমে শুধু গণিতে প্রাপ্ত নম্বর এবং পরবর্তীতে যথাক্রমে পদার্থ বিজ্ঞানে ও রসায়নে প্রাপ্ত নম্বরকে অগ্রাধিকারের ক্রম হিসেবে বিবেচনা করে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

ক। ভর্তির যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে বিদেশ হতে অর্জিত ডিগ্রীর সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণি সমমানের সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণি সমতাকরণে সরকার, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি কর্তৃক নির্দেশিত গাইডলাইন অনুসৃত হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ভর্তির সময় জমা দিতে হবে। এ ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গৃহীত হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য ও বিবরণ অবশ্যই যথাযথ ও সঠিক হতে হবে। ভর্তির পরবর্তিতে কোনোভাবেই আবেদনপত্রে উল্লিখিত কোন প্রকার তথ্য সংশোধনযোগ্য নয়। প্রার্থীর আবেদনপত্রের তথ্য/ডাটা ভুল বা অসত্য প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত ভর্তি বাতিল করা হবে।

খ। সকল শিক্ষাগত যোগ্যতা ও শর্ত পূরণ সাপেক্ষে শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রয়োজনীয় ও জরুরী স্বাস্থ্য সংক্রান্ত নির্দেশনা এবং যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmraau.edu.bd) -এ যথাসময়ে প্রকাশ করা হবে।

গ। স্নাতক প্রোগ্রাম সমূহে ভর্তির জন্য আবেদন ফরমের সর্বমোট ফি ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা (এসএমএস চার্জ ব্যতীত) পরিশোধ করতে হবে। শিক্ষাগত যোগ্যতা এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তির ফলাফল প্রকাশিত হবে। ভর্তি পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী মেডিকেল বোর্ডের ক্লিয়ারেন্স সম্পন্ন করতে হবে।

২। **স্নাতক প্রোগ্রামে ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচি নিম্নরূপঃ**

| স্নাতক প্রোগ্রামসমূহ: | ভর্তি পরীক্ষার বিষয়সমূহ | পাঠ্যসূচি |
|---|---|---|
| ১। বিএসসি ইন অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং<br>২। বিএসসি ইন অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং<br>৩। বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস)<br>৪। বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিক্স) | গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজি | জাতীয় শিক্ষাক্রমে অন্তর্ভূক্ত উচ্চ মাধ্যমিকের পাঠ্যসূচি |

৩। **বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস:** ভর্তি পরীক্ষা সর্বমোট ১০০-নম্বরে অনুষ্ঠিত হবে; যার মধ্যে ৬০-নম্বর এমসিকিউ এবং ৪০-নম্বর লিখিত পরীক্ষা হিসেবে অর্ন্তভুক্ত থাকবে। প্রতি এমসিকিউ এর ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে প্রশ্নের মানের ২৫% কেটে নেয়া হবে। পরীক্ষার সর্বমোট সময় ২ (দুই) ঘণ্টা।

বিষয় ভিত্তিক মানবন্টনঃ

| বিষয় | এমসিকিউ | লিখিত | বিষয় ভিত্তিক মোট নম্বর | পূর্ণমান |
|---|---|---|---|---|
| গণিত | ২৪ | ১৬ | ৪০ | ১০০ |
| পদার্থবিজ্ঞান | ১৮ | ১২ | ৩০ | |
| রসায়ন | ১২ | ০৮ | ২০ | |
| ইংরেজি | ০৬ | ০৪ | ১০ | |

## স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

৪। **এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন (MSc in Aviation Safety and Accident Investigation)**

ক। **শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ**

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমূল্য দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

এবং

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমূল্য দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে (গনিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) সরকার ও ইউজিসি স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগের যেকোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী/ প্রকৌশল বিভাগের যেকোন বিষয়ে ০৪ (চার) বছরের বিএসসি ডিগ্রী থাকতে হবে। উল্লেখিত বিএসসি ডিগ্রীতে কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ন হতে হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক অথবা স্নাতকোত্তরসহ কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ/জিপিএ কোনক্রমেই গ্রহনযোগ্য নয়। ভর্তির যোগ্যতা নির্ধারনের ক্ষেত্রে বিদেশ হতে অর্জিত ডিগ্রীর সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমমানের সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমতাকরনে সরকার, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি কর্তৃক নির্দেশিত গাইডলাইন অনুসৃত হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ভর্তির সময় জমা দিতে হবে। এ ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গৃহীত হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য ও বিবরণ অবশ্যই যথাযথ ও সঠিক হতে হবে। ভর্তি পরবর্তীতে কোনভাবেই আবেদনপত্রে উল্লেখিত কোন প্রকার তথ্য সংশোধনযোগ্য নয় । প্রার্থীর আবেদনপত্রের তথ্য/ডাটা ভুল বা অসত্য প্রমানিত হলে কারন দর্শানো ব্যতিত ভর্তি বাতিল করা হবে।

খ। **চাকুরীর অভিজ্ঞতার বিবরণঃ** অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন/ ইন্ডাস্ট্রিয়াল সেফটি/অ্যাভিয়েশন সেফটি এবং অ্যাভিয়েশন সেক্টরে কাজের অভিজ্ঞতাকে ভর্তির ক্ষেত্রে প্রাধান্য দেয়া হবে।

৫। **এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট (MBA in Aviation Management)**

ক। **শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ**

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ন হতে হবে।

(৩) সরকার ও ইউজিসি স্বীকৃত ও অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী। উল্লেখ্য, স্নাতক ডিগ্রীতে কমপক্ষে ২য় বিভাগ অথবা অথবা গ্রেড পদ্ধতিতে ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক অথবা স্নাতকোত্তরসহ যে কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ/জিপিএ কোনক্রমেই গ্রহনযোগ্য নয়। ভর্তির যোগ্যতা নির্ধারনের ক্ষেত্রে বিদেশ হতে অর্জিত ডিগ্রীর সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমমানের সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমতাকরনে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি কর্তৃক নির্দেশিত গাইডলাইন অনুসৃত হবে এবং এ সংক্রান্ত সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ভর্তির সময় জমা দিতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য ও বিবরণ অবশ্যই যথাযথ ও সঠিক হতে হবে। ভর্তি পরবর্তীতে কোনভাবেই আবেদনপত্রে উল্লিখিত কোন প্রকার তথ্য সংশোধনযোগ্য নয়। প্রার্থীর আবেদনপত্রের তথ্য/ডাটা ভুল বা অসত্য প্রমানিত হলে কারন দর্শানো ব্যতিত ভর্তি বাতিল করা হবে।

খ। **চাকুরীর অভিজ্ঞতার বিবরণঃ** অ্যাভিয়েশন সেক্টরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে ভর্তির ক্ষেত্রে প্রাধান্য দেয়া হবে। MBA in Aviation Management প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন পত্রের সাথে নিজ কর্মস্থলের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র জমাদান করতে হবে।

৬। **এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)} এবং এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা**

ক। শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে (গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। তবে শর্ত থাকে যে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় যে কোন একটিতে প্রথম বিভাগ বা সমমানের জিপিএ অবশ্যই থাকতে হবে।

এবং

(২) সরকার ও ইউজিসি স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগের যেকোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী (প্রকৌশল বিষয়ে বিএসসি (অনার্স)/বিএসসি অ্যারোনটিক্স/*সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং/ব্যাচেলর অব টেকনোলজি)। উল্লেখিত বিএসসি ডিগ্রীতে কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৭৫ পেয়ে উত্তীন হতে হবে।

***সংশ্লিষ্ট স্নাতক প্রকৌশল বিষয় সমূহঃ**

| | | |
|---|---|---|
| ক। | Master of Science in Satellite Communication Engineering (M. Sc Engg)<br>Master of Satellite Communication Engineering (M. Engg) | EEE/ECE/ETE/CSE/ICE/ICT/ অ্যারোনটিক্যাল/অ্যাভিওনিক্স/মেকাট্রনিক্স/সফটওয়্যার/ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| খ। | Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)<br>Master of Space Systems Engineering (M. Engg) | মেকানিক্যাল/এ্যারোস্পেস/এ্যারোনটিক্যাল/IPE/ মেকাট্রনিক্স/অটোমোবাইল/নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং/ বায়োমেডিক্যাল/মেটারলর্জি/ নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং |

যে সকল প্রার্থী সরকার ও ইউজিসি স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল বিষয়ে বিএসসি (অনার্স)/বিএসসি অ্যারোনটিক্স/বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রকৌশল সম্পর্কিত বিভাগ অন্যান্য বিষয় সমূহে স্নাতক ডিগ্রী রয়েছে সে সকল প্রার্থীগণ দুই বছর মেয়াদী এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)} এবং এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তবে উল্লেখ্য যে, সে সকল শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগের Board of Post Graduate Study and Research (BPGSR) কর্তৃক নির্ধারিত সম্পুরক (Prerequisites) নন-ক্রেডিট কোর্সসমূহ/ফাউন্ডেশন কোর্সসমূহ সম্পন্ন করতে হতে পারে। সংশ্লিষ্ট বিভাগের BPGSR কর্তৃক ভর্তি পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করবেন।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক অথবা স্নাতকোত্তরসহ কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ/জিপিএ কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। ভর্তির যোগ্যতা নির্ধারনের ক্ষেত্রে বিদেশ হতে অর্জিত ডিগ্রীর সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমমানের সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমতাকরণে (Equivalence) সরকার, শিক্ষা মন্ত্রণালয়, বিএসএমআরএএইউ ও ইউজিসি কর্তৃক

নির্দেশিত গাইডলাইন/বিধি-বিধান অনুসৃত হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ভর্তির সময় উপস্থাপন করতে হবে। বয়স প্রমাণসহ সকল ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গৃহীত হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। যে সকল ভর্তিকৃত ছাত্র/ছাত্রীগণ কোন ধরনের প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন সে সকল ছাত্র/ছাত্রীদের কর্মরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনুমতির কপি ভর্তির সময় অবশ্যই জমা দিতে হবে। আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য ও বিবরণ অবশ্যই যথাযথ ও সঠিক হতে হবে। ভর্তির পরবর্তীতে কোনভাবেই আবেদনপত্রে উল্লেখিত কোন প্রকার তথ্য সংশোধনযোগ্য নয়। প্রার্থীর আবেদনপত্রের তথ্য/ডাটা ভুল বা অসত্য প্রমানিত হলে কারন দর্শানো ব্যতিত ভর্তি বাতিল করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যে কোন নির্দেশনা/তথ্য/শর্ত কোন প্রকার কারন দর্শানো ছাড়াই বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষন করেন।

খ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ২ বছর মেয়াদী এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)} এবং এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} প্রোগ্রামে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্ত পূরণ সাপেক্ষে শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন। প্রয়োজনীয় নির্দেশনা এবং যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইট (www.bsmraau.edu.bd)-এ যথাসময়ে প্রকাশ করা হবে।

গ। ২ (দুই) বছর মেয়াদী এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)} এবং এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} প্রোগ্রামে সর্বনিম্ন ব্যাপ্তিকাল (Duration) খন্ডকালীন (পার্ট-টাইম) ছাত্র/ছাত্রীদের জন্য সর্বনিম্ন ব্যাপ্তিকাল (Duration) ৪ (চার) সেমিস্টার এবং পূর্ণকালীন (ফুল-টাইম) ছাত্র/ছাত্রীদের জন্য সর্বনিম্ন ব্যাপ্তিকাল (Duration) ৩ (তিন) সেমিস্টার। উল্লেখ্য, খন্ডকালীন এবং পূর্ণকালীন ছাত্র/ছাত্রীদের জন্য সর্বোচ্চ ব্যাপ্তিকাল (Duration) ৫ (পাঁচ) বছর এবং সর্বোচ্চ ব্যাপ্তিকালের মধ্যেই সকল ক্রেডিট অর্জন/সম্পন্ন করে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।

ঘ। প্রতিটি প্রোগ্রামের ছাত্র/ছাত্রীদের সেমিস্টার ভিত্তিক একাডেমিক উন্নয়ন/কোর্সের ধারাবাহিকতা ক্রেডিট/ঘন্টা ভিত্তিতে পরিচালিত হবে। সাধারনভাবে প্রতি সেমিস্টারে প্রতি ক্রেডিটের নির্ধারিত ক্লাসের ব্যাপ্তিকাল (Duration) হবে ১৪ ঘন্টা। থিসিস/প্রজেক্ট/ল্যাবরেটরির প্রতি ক্রেডিটের বিপরীতে ক্লাসের ব্যাপ্তিকাল (Duration) হবে ২৮ ঘন্টা। প্রতিটি বিষয়ের সর্বমোট ক্রেডিট/ঘন্টা সংক্রান্ত বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট বিভাগ সমূহের সিলেবাস পরিপূর্ণভাবে নির্ধারিত ও বর্ণিত থাকবে। এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)} এবং এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} বিষয়ে প্রত্যেক ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৩৬ ক্রেডিট/ঘন্টা সম্পন্ন করতে হবে, যার মধ্যে ১৮ ক্রেডিট/ঘন্টা ব্যাপ্তিকাল (Duration) থিসিস এর জন্য নির্ধারিত থাকবে। এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)} এবং এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} বিষয়ের প্রত্যেক ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৩৬ ক্রেডিট/ঘন্টা সম্পন্ন করতে হবে, যার মধ্যে ৬ ক্রেডিট/ঘন্টা ব্যাপ্তিকাল (Duration) প্রজেক্টের জন্য নির্ধারিত থাকবে।

ঙ। প্রতি সেমিস্টারে পূর্ণকালীন (ফুল-টাইম) ছাত্র/ছাত্রীগণ কমপক্ষে ৯ ক্রেডিট/ঘন্টা এবং সর্বোচ্চ ১২ ক্রেডিট/ঘন্টা ব্যাপ্তিকাল (Duration) আবশ্যিকভাবে রেজিস্ট্রেশন করতে পারবেন। পূর্ণকালীন (ফুল-টাইম) ভর্তিকৃত ছাত্র/ছাত্রীগণ কোনক্রমেই কোন ধরণের প্রতিষ্ঠানে কর্মরত থাকতে পারবেন না। তবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতা/রিসার্স সহকারি হিসেবে নিয়োজিত থাকতে পারবেন। যে সকল ভর্তিকৃত ছাত্র/ছাত্রীগণ কোন ধরণের প্রতিষ্ঠানে রয়েছেন সে সকল ছাত্র/ছাত্রীগন কর্মরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনুমতির প্রেক্ষিতে খন্ড-কালীন (পার্ট-টাইম) ছাত্র/ছাত্রী হিসেবে এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং স্পেস সিস্টেম ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। প্রতি সেমিস্টারে খন্ডকালীন (পার্ট-টাইম) ছাত্র/ছাত্রীগণ কমপক্ষে ৬ ক্রেডিট/ঘন্টা এবং সর্বোচ্চ ৯ ক্রেডিট/ঘন্টা ব্যাপ্তিকাল (Duration) গণনা করে প্রযোজ্য সেমিস্টারে প্রজেক্ট/থিসিস সহকারে আবশ্যিকভাবে রেজিস্ট্রেশন করতে পারবেন। এছাড়াও ভর্তিকৃত ছাত্র/ছাত্রীগণ খন্ড-কালীন (পার্ট-টাইম) হিসেবে ভর্তি হয়ে পরবর্তীতে পূর্ণকালীন (ফুল-টাইম) হিসেবে ভর্তি হয়ে পরবর্তীতে খন্ড-কালীন (পার্ট-টাইম) হিসেবে পরিবর্তন করতে পারবেন, তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীগণকে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট BPGSR হতে নির্দেশনা বা অনুমতি নিতে হবে। উল্লেখ্য যে, এমএসসি ইন

স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)} এবং এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} প্রোগ্রামে প্রত্যেক পূর্ণকালীন (ফুল-টাইম) ও খন্ড-কালীন (পার্ট-টাইম) ছাত্র/ছাত্রীগণের জন্য প্রযোজ্য হবে।

চ। প্রতিটি বিভাগের বিভিন্ন বিষয়ের পঠন পদ্ধতি ও পঠিতব্য বিষয় সমূহ সংশ্লিষ্ট প্রোগ্রামের সিলেবাসে এবং বিভাগের BPGSR কর্তৃক নির্দেশিত। প্রয়োজনবোধে প্রতিটি বিভাগের বিভিন্ন বিভাগের গঠন পদ্ধতি ও পঠিতব্য বিষয় সংশ্লিষ্ট BPGSR সময়ে সময়ে রিভিউ/সংস্কার/প্রয়োজনীয় পরিবর্তনের পরামর্শ ও হালনাগাদের ব্যবস্থা করবেন। প্রতিটি বিভাগের বিভিন্ন বিষয়ের সংশ্লিষ্ট BPGSR সেমিস্টার সমূহের কোর্স সমূহ অফার/নির্দিষ্টকরণ করবেন। এছাড়াও সকল প্রকার একাডেমিক পরীক্ষা গ্রহণ ও গ্রেডিং পদ্ধতিতে ফলাফল প্রকাশসহ এ সংক্রান্ত সকল কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত আইন-কানুন/বিধি মোতাবেক ও পরীক্ষা নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

ছ। ভর্তি পরীক্ষার পদ্ধতির সংশ্লিষ্ট বিভাগের BPGSR এর সিদ্ধান্ত অনুযায়ি লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

৭। <u>এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল' (LLM in International Air and Space Law)</u>

ক। <u>শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ</u>

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে বিভাগ/সিজিপিএ পদ্ধতিতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

এবং

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে বিভাগ/সিজিপিএ পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) সরকার ও ইউজিসি স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এলএলবি (সম্মান) ডিগ্রী অথবা এলএলবি (পাস) ডিগ্রী অথবা অ্যাভিয়েশন ইন্ডাস্ট্রির স্বার্থে অ্যাভিয়েশন সেক্টরে কর্মরত LLB ছাড়াও যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীধারী থাকতে হবে।

<u>বিশেষ দ্রষ্টব্যঃ</u>

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক অথবা স্নাতকোত্তরসহ কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ/জিপিএ কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। ভর্তির যোগ্যতা নির্ধারনের ক্ষেত্রে বিদেশ হতে অর্জিত ডিগ্রীর সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমমানের সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী সমতাকরণে সরকার, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি কর্তৃক নির্দেশিত গাইডলাইন অনুসৃত হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ভর্তির সময় জমা দিতে হবে। এ ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গৃহীত হবে না। বিদেশ হতে অর্জিত এলএলবি ডিগ্রী (সমতা বিধানের পর) প্রাপ্ত গ্রেড কমপক্ষে ৩.০০ হতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রে উল্লেখিত সকল তথ্য ও বিবরণ অবশ্যই যথাযথ ও সঠিক হতে হবে। ভর্তি পরবর্তীতে কোনভাবেই আবেদনপত্রে উল্লেখিত কোন প্রকার তথ্য সংশোধনযোগ্য নয়। প্রার্থীর আবেদনপত্রের তথ্য/ডাটা ভুল বা অসত্য প্রমানিত হলে কারণ দর্শানো ব্যতিত ভর্তি বাতিল করা হবে।

৮। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ২ বছর মেয়াদী এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন (MSc in Aviation Safety and Accident Investigation), এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট (MBA in Aviation Management), এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg)}, এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg)} এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল' (LLM in International Air and Space Law) প্রোগ্রামে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্ত পূরণ সাপেক্ষে শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। স্নাতকোত্তর প্রোগ্রাম সমূহে ভর্তির জন্য আবেদন ফরমের সর্বমোট ফি ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা টাকা টেলিটক সিমের মাধ্যমে জমা দিতে হবে।

১০। ভর্তি পরীক্ষা সর্বমোট ১০০ নম্বরে অনুষ্ঠিত হবে, যার মধ্যে ৬০ এমসিকিউ এবং ৪০ লিখিত পরীক্ষা হিসেবে অন্তর্ভুক্ত থাকবে এবং পরবর্তীতে সাক্ষাৎকার পর্ব অনুষ্ঠিত হবে। প্রতিটি এমসিকিউ প্রশ্নের মান ০১ (এক)। প্রতি এমসিকিউ এর ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে প্রশ্নের মানের ২৫% কেটে নেয়া হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তির ফলাফল প্রকাশিত হবে।

১১। <u>ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে বিশেষ নির্দেশনাঃ</u>

- ভর্তি পরীক্ষার নির্ধারিত সময়ের ন্যূনতম ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কেন্দ্রের নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
- OMR Sheet – এ শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। জেল পেন, ফাউন্টেন পেন অথবা পেন্সিল ব্যবহার করলে উত্তরপত্র গৃহীত হবে না।
- ফিচার ফোনসহ সকল প্রকার স্মার্ট মোবাইল ফোন, এনালগ ও ডিজিটাল ঘড়ি/ওয়াচ, যে কোন প্রকার ইলেক্ট্রনিক যন্ত্র, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট-স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ছোট বা বড় ব্যাগ পরীক্ষা কক্ষে বা কেন্দ্রে নিয়ে আসা যাবে না।
- উত্তরপত্রে Admission Test Roll No না লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গৃহীত হবে না।
- ভর্তি পরীক্ষা বিএএফ শাহীন কলেজ ঢাকা ও ফাকল পুলিশ লাইনস্ স্কুল অ্যান্ড কলেজ, লালমনিরহাট কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রের বিবরণ ভুল বা অসত্য প্রমাণিত হলে ভর্তি পরীক্ষাতে অংশগ্রহণ থেকে বিরত রাখা হবে ও প্রার্থীর আবেদনপত্র/ভর্তি বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে। আবেদনের ফর্ম অনলাইনে পূরণ সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় যোগাযোগ করা যেতে পারে admission@bsmraau.edu.bd এ যোগাযোগ করা যেতে পারে। শুক্রবার ও শনিবার অফিস বন্ধ থাকবে।
- **১৫ ডিসেম্বর ২০২৪, রবিবার রাত ১২:০০** ঘটিকার পরে অনলাইনে আবেদনপত্র পূরণ ও জমা করা যাবে না এবং অনলাইনে আবেদনের সার্ভার বন্ধ হয়ে যাবে।
- ভর্তি পরীক্ষা শুরু হবার ৩০ মিনিট পরে আর কোন আবেদনকারীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হবার পূর্বে হল থেকে বাইরে আসা যাবে না।
- ভর্তি-সংক্রান্ত পরবর্তী কার্যক্রমের সময়সূচি জরুরী প্রয়োজনে পরিবর্তন হতে পারে। এ বিষয়ে **BSMRAAU** এর নোটিশ বোর্ডে, জাতীয় দৈনিক পত্রিকা ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে যথাসময়ে জানানো হবে।
- কালো কালির বলপয়েন্ট কলম, সাধারণ পেন্সিল, ইরেজার, শার্পনার ও নিম্নে প্রদত্ত ক্যালকুলেটরসমূহের যেকোন একটি ব্যবহার করা যাবে:

**List of ACCEPTABLE Calculators during BSMRAAU Admission Test:**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| CANON | F200 | F401 | F402 | F500 | F501 | F502 |
| | F602 | F604 | | F612 | F720 | F601 |
| CASIO | FX82 SUPER | FX82MS FX82MS2 | FX100MS FX100MS2 | FX100ES FX991D | FX100 ES PLUS FX570MS | FX115MS |
| | FX570ES | FX570 ES PLUS | FX570W FX991EX | | FX911MS | FX911S |
| | FX991ES | FX 991 ES PLUS | FX991H | | FX991MS FX991MS2 | FX992S |
| | | | | | | |
| SHARP | EL506L | EL506R | EL506V EL509V | EL509G EL546L | EL509L EL531P | EL509R |
| | EL510R | EL520G | EL520L | | EL531GH | EL531LH |
| | EL531RH | EL531V | EL531VB | | EL531VH | EL546G |
| | EL546R | EL546VA | EL553 | | EL556G | EL556L |
| TEXAS INSTRUMENTS | BA REAL ESTATE | | BA35SOLAR TI-30XIIB | | BAII PLUS TI 25STAT | |
| | TI 30 Challenger | TI 30X | TI 30XA | | TI 30X SOLAR | TI-30XIIS |
| | TI 32 Xplorer PLUS | TI 34 | TI 35X | TI 36 SOLAR | TI 36X SOLAR | |

১৩। <u>ভর্তি পরীক্ষার কেন্দ্রে অবশ্য পালনীয় স্বাস্থ্য বিধিসমূহঃ</u>

- পরীক্ষা কেন্দ্র বা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে চলাচলের ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তরের অথবা সরকার নির্দেশিত সর্বশেষ বিধি-বিধান অনুসৃত হবে।
- পরীক্ষার হলে খাবার পানি সরবরাহ করা হবে না। পরীক্ষার্থীগণ নিজস্ব পানি (সর্বোচ্চ ৬০০ মিলি মাপের স্বচ্ছ প্লাস্টিক/PET বোতলে) বহন করতে পারবেন।
- **বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত Admit Card ব্যতীত কোন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

১৪। আবেদনপত্র পূরণ, ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি।

| ক্রমিকনং | ভর্তি কার্যক্রমের বিবরণ | তারিখ ও সময় |
|---|---|---|
| ক। | অনলাইন (http://bsmraau.teletalk.com.bd) এ আবেদনপত্র পূরণ ও জমা প্রদান আরম্ভ | ১৮ নভেম্বর ২০২৪, সোমবার দুপুর ১২:০০ ঘটিকা |
| খ। | অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সমাপ্ত | ১৫ ডিসেম্বর ২০২৪, রবিবার রাত ১২:০০ ঘটিকা |
| গ। | টেলিটক সিমের মাধ্যমে সার্ভিস চার্জ ৭৫০/- টাকা (এসএমএস চার্জ ব্যতীত) প্রদানের শেষ তারিখ ও সময় | ১৬ ডিসেম্বর ২০২৪, সোমবার রাত ১২:০০ ঘটিকা |
| ঘ। | যোগ্য প্রার্থীদের নামীয় তালিকা প্রকাশ | ১৯ ডিসেম্বর ২০২৪, বৃহস্পতিবার |
| ঙ। | অনলাইন (http://bsmraau.teletalk.com.bd) এ প্রবেশপত্র ডাউনলোড/উত্তোলনের তারিখ ও সময় | ২০ ডিসেম্বর ২০২৪, শুক্রবার দুপুর ১২:০০ ঘটিকা থেকে ২৮ ডিসেম্বর ২০২৪, শনিবার সকাল ০৯:০০ ঘটিকা পর্যন্ত |
| চ। | ভর্তি পরীক্ষার তারিখ | ২৮ ডিসেম্বর ২০২৪, শনিবার (সকাল ১০:০০ ঘটিকা থেকে ১২:০০ ঘটিকা পর্যন্ত) |
| ছ। | ভর্তি পরীক্ষার স্থান | বিএএফ শাহীন কলেজ, ঢাকা এবং বিশ্ববিদ্যালয়ের লালমনিরহাট ক্যাম্পাসে একযোগে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে |
| জ। | লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল মেধাক্রম অনুসারে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmraau.edu.bd)- এ প্রকাশ | ০৭ জানুয়ারি ২০২৫, মঙ্গলবার |
| ঞ। | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা | পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। |
| | ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান শিক্ষার্থীদের নামীয় তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmraau.edu.bd) এ প্রকাশ | পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। |

১৫। <u>বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিয়মাবলীঃ</u>

ক। ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের বিষয় নির্বাচন ও মেধাতালিকা এবং অপেক্ষমান প্রার্থীদের তালিকা BSMRAAU- এর নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইট (www.bsmraau.edu.bd) - এ প্রকাশ করা হবে।

খ। নির্বাচিত শিক্ষার্থীদের বিভাগ নির্বাচন তালিকা প্রকাশের পর ভর্তি কমিটির সভাপতি কর্তৃক ঘোষিত নির্ধারিত তারিখে প্রার্থীদের সকল মূল সনদপত্র যাচাই-বাছাই এর জন্য উপস্থিত হতে হবে। লিখিত আবেদনের মাধ্যমে গৃহীত পূর্ব-অনুমতি ব্যতিরেকে নির্ধারিত তারিখে মূল সনদপত্র যাচাই-বাছাই এবং ভর্তির জন্য হাজির না হলে ভর্তির যোগ্যতা স্বয়ংক্রিয় ভাবে বাতিল হয়ে যাবে। উল্লেখ্য যে, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মূল সনদপত্র ও গ্রেডসীটসমূহ রেজিস্ট্রার অফিসে জমা রাখা হবে।

গ। মূল সনদপত্র যাচাইয়ের সময় ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত নথিপত্র জমা দিতে হবে:

- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষা পাশের মূল গ্রেডশীট অথবা মূল/প্রভিশনাল সনদপত্র এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্রসহ অন্যান্য সকল সনদ সমূহের মূল কপি জমা দিতে হবে।
- ছাত্র-ছাত্রীদের সদ্যতোলা ০৬ কপি পাসপোর্ট সাইজ ছবি, ০২ কপি স্ট্যাম্প সাইজের ছবি এবং ছোট একটি খাম জমা দিতে হবে।
- সিটি কর্পোরেশন/পৌরসভা/স্থানীয় ইউনিয়ন পরিষদের মেয়র/প্রশাসক/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরকিত্ব সার্টিফিকেট।

- এনআইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
- পিতা/মাতা/স্থানীয় অভিভাবকের এনআইডি কার্ডসমূহের সত্যায়িত ফটোকপি ও প্রত্যেকের ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।

ঘ। দাখিলকৃত সনদ ও অন্যান্য কাগজপত্র সমূহের সত্যতা যাচাই এর পর বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করা হবে। দৃষ্টি শক্তির ত্রুটি সাত দিনের মধ্যে পুণঃপরীক্ষা করা যেতে পারে।

ঙ। একজন প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে ভর্তি কমিটির সভাপতির অনুমোদনক্রমে তাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফি জমা দিয়ে ভর্তি হতে হবে।

চ। প্রদত্ত অপশন ও ভর্তি পরীক্ষার মেধাস্থানের ভিত্তিতে প্রাপ্ত বিভাগে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস যথাসময়ে শুরু করা হবে।

ছ। কোন ছাত্র-ছাত্রী নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করলে এবং/অথবা বিনা অনুমতিতে ক্লাস শুরুর ০২ (দুই) সপ্তাহের মধ্যে ক্লাসে উপস্থিত না হলে তার ভর্তি বাতিল করা হবে।

জ। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে বলে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি সাথে সাথে বাতিল বলে গণ্য হবে।

ঝ। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটি ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ঞ। চূড়ান্তভাবে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের রেজিষ্ট্রেশনকার্ডের মেয়াদ ০৬ (ছয়) বছর। কোনক্রমেই এ মেয়াদ বর্ধিত হবে না।

১৬। <u>বিশ্ববিদ্যালয়ে স্নাতক প্রোগ্রাম সমূহে ভর্তির জন্য নির্ধারিত ফি সংক্রান্ত তথ্যাবলীঃ</u>

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক প্রোগ্রাম সমূহে নিম্নোক্ত হারে অনুমোদিত ফি সমূহ নির্ধারিত হয়েছেঃ

ক। বিএসসি ইন অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং (BSc in Aerospace Engineering): (০৮-সেমিস্টারে প্রদেয়)

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | ১ম সেমিস্টার (ভর্তি ফিসহ) | ৩৬,৭৫০/- |
| (২) | ২য় সেমিস্টার | ১৪,৮২৫/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ১৪,২৫০/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ১৩,৪৫০/- |
| (৫) | ৫ম সেমিস্টার | ১৩,৯৫০/- |
| (৬) | ৬ষ্ঠ সেমিস্টার | ১৬,৯৭৫/- |
| (৭) | ৭ম সেমিস্টার | ১৮,৬৫০/- |
| (৮) | ৮ম সেমিস্টার | ১২,৪০০/- |
| | সর্বমোট | ১,৪০,৮৫০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৬,০০০/- |

খ। বিএসসি ইন অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং (BSc in Avionics Engineering) : (০৮-সেমিস্টারে প্রদেয়)

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | ১ম সেমিস্টার (ভর্তি ফিসহ) | ৩৬,৭৫০/- |
| (২) | ২য় সেমিস্টার | ১৪,৮২৫/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ১৪,২৫০/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ১৩,৪৫০/- |
| (৫) | ৫ম সেমিস্টার | ১৩,৯৫০/- |
| (৬) | ৬ষ্ঠ সেমিস্টার | ১৬,৯৭৫/- |
| (৭) | ৭ম সেমিস্টার | ১৮,৬৫০/- |
| (৮) | ৮ম সেমিস্টার | ১২,৪০০/- |
| | সর্বমোট | ১,৪০,৮৫০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৬,০০০/- |

গ।	বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস)) {BSc in Aircraft Maintenance Engineering (Aerospace)}: (০৮-সেমিস্টারে প্রদেয়)

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | কোর্স ফি | মডিউল কোর্স এবং পরীক্ষা (ঐচ্ছিক) ফি |
| (১) | ১ম সেমিস্টার (ভর্তি ফিসহ) | ৩৬,৭৫০/- | ১,০০,০০০/- |
| (২) | ২য় সেমিস্টার | ১৪,৮২৫/- | ১,০০,০০০/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ১৪,২৫০/- | ৭৫,০০০/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ১৩,৪৫০/- | ৭৫,০০০/- |
| (৫) | ৫ম সেমিস্টার | ১৩,৯৫০/- | ৭৫,০০০/- |
| (৬) | ৬ষ্ঠ সেমিস্টার | ১৬,৯৭৫/- | ৭৫,০০০/- |
| (৭) | ৭ম সেমিস্টার | ১৮,৬৫০/- | ৫০,০০০/- |
| (৮) | ৮ম সেমিস্টার | ১২,৪০০/- | ৫০,০০০/- |
| | সর্বমোট | | ১,৪০,৮৫০/- | ৬,০০,০০০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৬,০০০/- | |

ঘ।	বিএসসি ইন এয়ারক্রাফ্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিক্স)) {BSc in Aircraft Maintenance Engineering (Avionics)}: (০৮-সেমিস্টারে প্রদেয়)

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | কোর্স ফি | মডিউল কোর্স এবং পরীক্ষা (ঐচ্ছিক) ফি |
| (১) | ১ম সেমিস্টার (ভর্তি ফিসহ) | ৩৬,৭৫০/- | ১,০০,০০০/- |
| (২) | ২য় সেমিস্টার | ১৪,৮২৫/- | ১,০০,০০০/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ১৪,২৫০/- | ৭৫,০০০/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ১৩,৪৫০/- | ৭৫,০০০/- |
| (৫) | ৫ম সেমিস্টার | ১৩,৯৫০/- | ৭৫,০০০/- |
| (৬) | ৬ষ্ঠ সেমিস্টার | ১৬,৯৭৫/- | ৭৫,০০০/- |
| (৭) | ৭ম সেমিস্টার | ১৮,৬৫০/- | ৫০,০০০/- |
| (৮) | ৮ম সেমিস্টার | ১২,৪০০/- | ৫০,০০০/- |
| | সর্বমোট | ১,৪০,৮৫০/- | ৬,০০,০০০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৬,০০০/- | |

১৭।	<u>বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর প্রোগ্রামসমূহে ভর্তির জন্য নির্ধারিত ফি সংক্রান্ত তথ্যাবলীঃ</u>

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ২ বছর মেয়াদী স্নাতকোত্তর প্রোগ্রাম সমূহে নিম্নোক্ত হারে অনুমোদিত ফি সমূহ নির্ধারিত হয়েছেঃ

ক।	এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি ও অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন (MSc in Aviation Safety and Accident Investigation) ০৪-সেমিস্টারে প্রদেয়:

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | ১ম সেমিস্টার ভর্তি ফিসহ | ৪৯,৪০০/- |
| (২) | ২য় সেমিস্টার | ১৮,১৫০/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ১৩,৩২৫/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ৯,৫২৫/- |
| | সর্বমোট | ৯০,৪০০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৫,০০০/- |

খ। এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট (MBA in Aviation Management) ০৪-সেমিস্টারে প্রদেয়:

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | ১ম সেমিস্টার ভর্তি ফিসহ | ৪৯,৮০০/- |
| (২) | ২য় সেমিস্টার | ২০,৫৫০/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ২১,২০০/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ২১,১৫০/- |
| | সর্বমোট | ১,১২,৭০০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৫,০০০/- |

গ। এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)} / এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Scinece in Space Systems Engineering (M.Sc Engg)} ০৪-সেমিস্টারে প্রদেয়:

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | ১ম সেমিস্টার ভর্তি ফিসহ | ৪৯,৭৭৫/- |
| (২) | ২য় সেমিস্টার | ১৮,৫২৫/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ২৫,৩২৫/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ২৫,২৭৫/- |
| | সর্বমোট | ১,১৮,৯০০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৫,০০০/- |

ঘ। এমএসসি ইন স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং {Master of Satellite Communication Engineering (M. Engg)}/ এমএসসি ইন স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং {Master of Space Systems Engineering (M. Engg)} ০৪-সেমিস্টারে প্রদেয়:

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | ১ম সেমিস্টার ভর্তি ফিসহ | ৪৯,৭৭৫/- |
| (২) | ২য় সেমিস্টার | ১৮,৫২৫/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ২৫,৩২৫/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ২৫,২৭৫/- |
| | সর্বমোট | ১,১৮,৯০০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৫,০০০/- |

ঙ। এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল' (LLM in International Air and Space Law) (০৪-সেমিস্টারে প্রদেয়):

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| (১) | ১ম সেমিস্টার ভর্তি ফি | ৪৭,৩০০/- |
| (২) | ২য় সেমিস্টার | ১২,০৫০/- |
| (৩) | ৩য় সেমিস্টার | ১৮,০৫০/- |
| (৪) | ৪র্থ সেমিস্টার | ১৮,১০০/- |
| | সর্বমোট | ৯৫,৫০০/- |
| | ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর) | ৫,০০০/- |

১২/১১/২৪

রেজিস্ট্রার
বিএসএমআরএএইউ